

ইডেন কলেজকে বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবিতে ছাত্রীদের সমাবেশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ইডেন কলেজকে বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবিতে ধারাবাহিক আন্দোলনের অংশ হিসেবে কলেজের সামনে সমাবেশ করেছে শিক্ষার্থীরা। গতকাল সোমবার ছাত্র-শিক্ষক-বুদ্ধিজীবী সমাবেশ হওয়ার কথা থাকলেও খেপী আবহাওয়ায় কারণে আন্দোলিত কোনো অতিথি না আসায় ছাত্রীরা নিজেসরি সমাবেশ করে। পূর্ব ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে ইডেন কলেজের ছাত্রশাসনের দাবিতে কৃষ্টি উপস্থাপনা করে ছাত্রা মাথায় রাখায় সমাবেশ করে ছাত্রীরা। দাবি মন্য না হলে ২০ ফেব্রুয়ারি রাস বন্ধনের ঘোষণা দিয়েছে তারা।

কলেজের মূল ফটকের সামনের রাসা আটকিয়ে গতকাল ঘণ্টাব্যাপী এ সমাবেশে বিভিন্ন বিভাগের প্রতিনিধিরা বক্তব্য দেন। সমাবেশে বক্তব্য বলেন, ইডেন কলেজের পাবলিক বিশ্ববিদ্যালয় হওয়ার সব যোগ্যতা রয়েছে। কলেজের শিক্ষার্থী সংখ্যা, আয়তন, হল ও ঐতিহ্য সব কিছু বিবেচনা করে একে ছাত্রশাসন দিতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয় ঘোষণা করা হলে কলেজের বিভিন্ন বিভাগের সেলনজট থেকে মুক্ত পড়বে শিক্ষার্থীরা। সমাবেশে সমাজবিজ্ঞান বিভাগের ছাত্রী অয়শ্রী রায় বলেন, ইডেন কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করতে হবে। দেশে কোনো মহিলা বিশ্ববিদ্যালয় নেই। প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় হিসেবে ছাত্রশাসন দিতে হবে।